



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।  
[www.comilladakshin@dyd.gov.bd](http://www.comilladakshin@dyd.gov.bd)

স্মারক নং- যুউঅ/কুসদ/উপজেলা যুব ও ক্রীড়া-৩১/২০১২-১০

তারিখঃ- ২৪/০৪/২০২২খ্রিঃ।

বিষয় : যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৪/২০২২খ্রিঃ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রাপক : -----  
-----

✓  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।



অদ্য ২৫/০৪/২০২২ খ্রিঃ রোজ রবিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোসাঃ নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

সভার স্থান : ভাইস চেয়ারম্যানের মহোদয়ের অফিস কক্ষ।

ক্রমিক নং	উপস্থিত সদস্যবৃন্দ(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)	পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সভাপতি	স্বাক্ষরিত
০২	সেক্রেটারী, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, ইউপি, বারপাড়া, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়সমূহঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

০২। যুব কার্যক্রম নিয়ে আলোচনা।

০৩। বিবিধ

সভার শুরুতে সভাপতি মহোদয় ভূঁয়ালী সকল সদস্যদের সালাম জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	পূর্ববর্তী কার্যবিবরণী কোন প্রকার পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব কার্যক্রম নিয়ে আলোচনা	যুব উন্নয়ন অধিদপ্তর এর নির্ধারিত ৪১টি ট্রেডে বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়া হয়। নির্ধারিত ট্রেডের বাহিরে স্থানীয় চাহিদার ভিত্তিতে বেকার যুব ও যুব মহিলাদের ফ্ল্যাগশিপিং/আউট সোর্সিং, বেলিক কম্পিউটার প্রশিক্ষণ, মোবাইল ফোন সার্ভিসিং, ফুড প্রসেসিং, বিউটিফিকেশন, কবুতর পালন, মাশরুম চাষ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ওপর গুরুত্ব আরোপ করেন।  ২০২১-২০২২ অর্থ বছরে চাকরি মাপ পর্যন্ত ৩৯০জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ট্রেডে সর্বমোট ১৩ জনের মাঝে ৮২০০০০/- টাকা বিতরণ করা হয়।	স্থানীয় চাহিদার ভিত্তিতে মাশরুম, ফুট প্রসেসিংসহ নতুন নতুন ট্রেডে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। আরো বেশী সংখ্যক বেকার যুবদের মাঝে ঋণ বিতরণের জন্য পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।  
[www.comilladakshin@dyd.gov.bd](http://www.comilladakshin@dyd.gov.bd)

“উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির রেজুলেশন” (২০২১-২০২২)

অধিবেশন নং-০৬

সভাপতি : জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, সদর দক্ষিণ, কুমিল্লা এর দপ্তর।

তারিখ : ২৫/০৪/২০২২ খ্রিঃ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। কমিটির সকল সদস্যদের আলোচনার ভিত্তিতে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	যুব উন্নয়ন অধিদপ্তর এর নির্ধারিত ৪১টি ট্রেডে বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়া হয়। নির্ধারিত ট্রেডের বাহিরে স্থানীয় চাহিদার ভিত্তিতে বেকার যুব ও যুব মহিলাদের ফ্রিল্যান্সিং/আউট সোর্সিং, বেসিক কম্পিউটার প্রশিক্ষণ, মোবাইল ফোন সার্ভিসিং, ফুড প্রসেসিং, বিউটিফিকেশন, কবুতর পালন, মাশরুম চাষ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ওপর গুরুত্ব আরোপ করেন। উক্ত ট্রেডে প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হলে যুব ও যুব মহিলাদের তড়িৎ কর্মসংস্থান ও আত্মকর্মী করতে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।	উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) হতে অর্থ মঞ্জুরের জন্য প্রস্তাব করা হয়।	উপজেলা পরিষদ কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০২	২০২১-২০২২ অর্থ বছরে চলতি মাস পর্যন্ত ৩৯০জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থীকে ১ম দফায় চলতি মাসে ৬০০০০/-টাকা করে ১৮০০০০/- টাকা এবং ২য় দফায় ১জন প্রশিক্ষণার্থীকে ৮০০০০/- টাকা সহ মোট ০৪জন সদস্যের মাঝে ২৬০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। সর্বমোট ১৩ জনের মাঝে ৮২০০০০/- টাকা বিতরণ করা হয়।	আত্মকর্মসংস্থান সৃজনে নতুন নতুন ট্রেডের ওপর প্রশিক্ষণ ও প্রকল্প ভিত্তিক ঋণ বিতরণের গুরুত্ব আরোপ করেন।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৪/২০২২

মোসাঃ নাছিমা আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

তারিখ : ২৬/০৪/২০২২ খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.১৯৩৩.০০০.৪৫.০৩১.১২-৬২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যান ..... নং ..... ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৫। অফিস কপি।

২৬/০৪/২০২২

মোঃ মনিরুজ্জামান  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।